


**Dhaka Regional Office**
BSC Tower(22nd Floor), Rajuk Avenue,
Plot No-2&3,Dainik Banglar Moor, Dhaka-1000.
Telephone : 0088-02-9553524 (PABX)
: 0088-02-9553568
Fax : 0088-02-9565589
E-mail : gm-dhk@bsc.gov.bd

**Khulna Regional Office**
Nowshin Tower (3rd Floor),
11 KDA Avenue, Khulna, Bangladesh.
Telephone : 00-88-041-722326 00-88-041-723702
Fax : 00-88-041-722643
E-mail : gm-khl@bsc.gov.bd

**Head Office**
BSC Bhaban, Saltgola Road,
P.O.Box No.641 Chattogram-4100, Bangladesh
Telephone : 0088-031-2521162-8 (PABX)
Fax : 0088-031-710506, 0088-031-722380
Website : www.bsc.gov.bd

**BSC Marine Workshop**
Saltgola Road
Chattogram-4100, Bangladesh
Telephone : 0088-031-716330-2 (PABX)

BANGLADESH SHIPPING CORPORATION
AN ENTERPRISE UNDER MINISTRY OF SHIPPING



# DEVELOPMENT FAIR 2018



# বাংলাদেশ শিপিং কর্পোরেশন

আপনার পণ্য ও শুভেচ্ছা দুই-ই বহন করে

## BANGLADESH SHIPPING CORPORATION

Carries your Goods & Goodwill

Bangladesh Shipping Corporation (BSC), a state owned enterprise was established on 5th February, 1972 just after the independence of Bangladesh by President's Order no. 10 of 1972 under the leadership of the then president and 'Father of the nation Bangabandhu Sheikh Mujibur Rahman' with the objectives of providing efficient, safe, reliable and economic shipping services to the local exporters, importers and business houses to develop sustainable shipping and ancillary infrastructure in a sovereign nation which just became independent on 16th December 1971 after a nine month long liberation war and thereby reducing dependence on foreign flag vessels to stop drainage of hard earned foreign exchange from the national exchequer. The corporation is now regulated by "Bangladesh Shipping Corporation Act, 2017 (Act no. 10 of 2017).

**Vision :** As a National flag carrier be the leading shipping company in the region.

**Mission :** To provide safe and efficient shipping services on international routes and carry out all forms of activities connected with or ancillary to shipping, Thereby contributing to the national development.

## Capital Structure

- Authorized capital Tk. 1000 crore
- Paid up capital Tk. 350 crore
- Number of Government shares 7.94 crore (52.10%)
- 15.25 Crore number of shares have been issued having face value of TK.10 each.
- Number of other than government shares 7.31 crore (47.90%)

## Future Plan

In compliance with the 7th Five year plan, Vision 2021 and 2041 to achieve the SDGs and also considering BSC's future business plan, BSC has undertaken a number of ship acquisition projects to modernize and extend its existing fleet. As a part of maritime infrastructure development, BSC's ship acquisition plan includes acquirement of a number of vessels of different types and sizes in addition to the replacement of the existing vessels of the BSC fleet with a view to increase carrying capacity of export-import of the country in government sector. Accordingly, the following projects of BSC are under process:

1. Procurement of Mother Crude Oil tanker of capacity 100,000-125,000 DWT (2nos).

2. Procurement of Mother Product oil tanker (for carrying Diesel) of capacity minimum 80,000 DWT each (02 Nos.).

3. Procurement of Mother Bulk carrier (for carrying coal) of capacity minimum 80,000 DWT each (02 Nos.).

4. Procurement of Bulk carrier of capacity 10,000-15,000 DWT (10 nos.) for lightering coal.

5. Procurement of Container vessel of capacity 1,200-1,500 TEUs (4 Nos.).

6. Procurement of new LNG Carrier of about 140,000 CBM each (2 Nos.).

7. Procurement of new LNG Carrier of about 174,000 CBM each (2 Nos.).

8. Procurement of new LNG Carrier of about 180,000 CBM each (2 Nos.).

BSC is working together with the other sectors of the Government for achieving "Sustainable Development Goals (SDGs)". Implementation of the concept 'Blue Economy' is an important target for sustainable national development. Government can earn huge revenue from this sector by developing massive infrastructure and thereby expanding trade & commerce and creating employment for huge people.










**প্রধান কার্যালয়, চট্টগ্রাম**
বিএসসি ভবন, সল্টগোলা রোড, পোস্ট বক্স নং- ৬৪১, চট্টগ্রাম-৪১০০
টেলিফোন : ০০৮৮-০৩১-২৫২১১৬২-৮ (পিএবিএক্স)
ফ্যাক্স : ০০৮৮-০৩১-৭১০৫০৬, ০০৮৮-০৩১-৭২২৩৮০,
www : bsc.gov.bd

**বিএসসি মেরিন ওয়ার্কসপ, চট্টগ্রাম**
সল্টগোলা রোড, চট্টগ্রাম-৪১০০,
টেলিফোন : ০০৮৮-০৩১-৭১৬৩৩০-২ পিএবিএক্স
ই-মেইল : bscmarineworkshop@yahoo.com

**আঞ্চলিক কার্যালয়, ঢাকা**
বিএসসি টাওয়ার (৩য় তলা), রাজউক এভিনিউ
প্লট নং- ২ এবং ৩, দৈনিক বাংলার মোড়, ঢাকা-১০০০
টেলিফোন : ০০৮৮-০২-৯৫৫৩৫২৪ (পিএবিএক্স),
০০৮৮-০২-৯৫৫৩৫৬৮, ফ্যাক্স : ০০৮৮-০২-৯৫৬৫৫৮৯,
ই-মেইল : gm-dhk@bsc.gov.bd

**আঞ্চলিক কার্যালয়, খুলনা**
নওশিন টাওয়ার (৪র্থ তলা) ১১, কেডিএ এভিনিউ, খুলনা
টেলিফোন : ০০-৮৮-০৪১-৭২২৩২৬,
০০-৮৮-০৪১-৭২৩৭০২, ফ্যাক্স : ০০-৮৮-০৪১-৭২২৬৪৩
ই-মেইল : gm-khl@bsc.gov.bd

বাংলাদেশ শিপিং কর্পোরেশন
নৌপরিবহন মন্ত্রণালয়ের
আওতাধীন সংস্থা

# উন্নয়ন মেলা ২০১৮

## বিএসসি'র ১০ বছরের অর্জিত সাফল্য ও ভবিষ্যত পরিকল্পনা





# বাংলাদেশ শিপিং কর্পোরেশন

আপনার পণ্য ও শুভেচ্ছা দুই-ই বহন করে

# BANGLADESH SHIPPING CORPORATION

Carries your Goods & Goodwill

## বিএসসি'র ১০ বছরের অর্জিত সাফল্য ও ভবিষ্যত পরিকল্পনা

স্বাধীন বাংলাদেশের একটি শক্তিশালী আন্তর্জাতিক নৌ-বাণিজ্যের সহায়ক পরিবহন সংস্থা গড়ে তোলার লক্ষ্যে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭২ সলের ৫ই ফেব্রুয়ারি বাংলাদেশ শিপিং কর্পোরেশন প্রতিষ্ঠা করেন। এ কর্পোরেশন প্রতিষ্ঠার মুখ্য উদ্দেশ্য আন্তর্জাতিক নৌপথে নিরাপদ ও দক্ষ শিপিং সেবা প্রদান করা এবং বাংলাদেশের আমদানি ও রপ্তানি পণ্য নিজস্ব জাহাজ বহর দ্বারা পরিবহন করা। তাই স্বাধীন বাংলাদেশে একটি শক্তিশালী নৌ-বাণিজ্যের সহায়ক পরিবহন নেটওয়ার্ক এর ভিত গড়ে তোলার লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নৌপরিবহন মন্ত্রণালয়কে সরাসরি তাঁর অধীনে রাখেন। কর্পোরেশন প্রতিষ্ঠা লাভের মাত্র ০৪ মাসের মধ্যেই ১০-৬-১৯৭২ খ্রিঃ তারিখে বাংলাদেশের বন্ধুপ্রতিম রাষ্ট্র ভারত থেকে প্রথম সমুদ্রগামী জাহাজ **"বাংলার দূত"** সংগ্রহ করা হয়। এর পরপরই একই রাষ্ট্র থেকে **"বাংলার সম্পদ"** নামে আরেকটি জাহাজ বিএসসি'র বহরে সংযোজিত হয়। জাতির পিতা বঙ্গবন্ধুর দিক নির্দেশনায় ৪০টি জাহাজসমৃদ্ধ একটি শক্তিশালী নৌ-বহর গড়ে তোলার পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। উল্লিখিত পরিকল্পনার ধারাবাহিকতায় বিএসসি প্রতিষ্ঠার মাত্র ২৯ মাস অর্থাৎ নভেম্বর ১৯৭৪ এর মধ্যে জাহাজ বহরে ১৪টি সমুদ্রগামী জাহাজ সংযোজিত হয়। কর্পোরেশন প্রতিষ্ঠার পর থেকে এ পর্যন্ত সর্বমোট ৩৮ টি জাহাজ সংগ্রহ করা হয়েছে। বর্তমানে বিএসসি বহরে ০৪(চার)টি জাহাজ রয়েছে। অচিরেই আরও ০১(এক)টি বাল্ক ক্যারিয়ার ও ০৩(তিন)টি ওয়েল/কেমিক্যাল ট্যাঙ্কার বিএসসির বহরে যুক্ত হবে।

### বিগত ১০ বছরের অর্জিত সাফল্য :

- বিএসসি'র ঢাকাস্থ নিজস্ব জমিতে "বিএসসি টাওয়ার " নামে ৩টি বেইসমেন্টসহ ২৫ তলা বিশিষ্ট আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত একটি অত্যাধুনিক বাণিজ্যিক ভবনের নির্মান কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে, যা মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গত ১৫-৪-২০১৭ খ্রিঃ তারিখ শুভ উদ্বোধন করা হয়।
- ২০১১-১২ অর্থ বছরের সরকার ঘোষিত নির্ধারিত সময়ে সরকারি সংস্থাগুলোর মধ্যে একমাত্র বিএসসি RPO এর মাধ্যমে শেয়ার বাজারজাত করে ৩১৩.৭০ কোটি টাকা সংগ্রহ করেছে।
- প্রায় ৮ কোটি টাকা ব্যয়ে বিএসসি'র মেরিন ওয়ার্কশপ আধুনিকীকরণের কাজ সম্পন্ন হয়েছে।
- বাংলাদেশ সরকারের খাদ্য অধিদপ্তরের তত্ত্বাবধানে ২০১৪-১৫ অর্থ বছরে প্রথমবারের মত বাংলাদেশ থেকে শ্রীলংকায় ২৫০০০ মেট্রিকটন চাল বিএসসি জাহাজ দ্বারা পরিবহন করা হয়।
- স্বাধীনতার পর থেকে বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন(বিপিসি) এর চাহিদার সম্পূর্ণ অপরিশোধিত তেল (বছরে আনুমানিক ১২-১৩ লক্ষ মেট্রিক টন) মধ্যপ্রাচ্য থেকে বাংলাদেশে পরিবহন ও লাইটারেজ কাজ বিএসসি নিরবিচ্ছিন্নভাবে ও সফলতার সাথে সম্পন্ন করে আসছে।
- মেরিটাইম সেক্টরে নারীদের অংশগ্রহণ নিশ্চিতকল্পে ও নারীর ক্ষমতায়নের লক্ষ্যে বিএসসি তথা বাংলাদেশের ইতিহাসে প্রথমবারের মতো ২০১৪ সাল হতে এ পর্যন্ত বাংলাদেশ মেরিন একাডেমি'র ৩৫জন মহিলা ক্যাডেট-কে বিএসসি'র বিভিন্ন জাহাজে প্রশিক্ষণ গ্রহণের জন্য নিয়োগ দেয়া হয়েছে।
- ডিজিটাল কার্যক্রমের আওতায় বিএসসির একটি গতিশীল ওয়েব সাইট ইতোমধ্যে চালু করা হয়েছে। প্রধান কার্যালয়ে ডিজিটাল ফ্রন্টডেস্কসহ সম্পূর্ণ অফিসকে আধুনিকীকরণ করা হয়েছে।

### চলমান উন্নয়ন কার্যক্রম

গণপ্রজাতন্ত্রী চীনে ৬টি নতুন জাহাজ নির্মাণের কাজ দ্রুত এগিয়ে চলছে। ইতোমধ্যে উক্ত জাহাজসমূহের মধ্যে "বাংলার জয়যাত্রা" ও "বাংলার সমৃদ্ধি" বিএসসির বহরে যুক্ত হয়েছে। ২০১৯ সালের ফেব্রুয়ারি মাসের মধ্যে অবশিষ্ট ০৪(চার)টি জাহাজ বিএসসি'র বহরে যুক্ত হবে মর্মে আশা করা যাচ্ছে।

### ভবিষ্যৎ পরিকল্পনা :

দেশের মোট আমদানি ও রপ্তানি বাণিজ্যে সরকারি খাতে পরিবহন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ব্যবসায়িক চাহিদা এবং সরকারের ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা, রূপকল্প/ভিশন-২০২১ এবং ২০৪১ ও টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা(এসডিজি) এর সাথে সামঞ্জস্য রেখে বিএসসি'র নিম্নোক্ত প্রকল্পসমূহ বর্তমানে প্রক্রিয়াধীন রয়েছে :

| | |
|---|---|
| ১. | ২টি নতুন প্রতিটি ১,০০,০০০-১,২৫,০০০ ডিডব্লিউটি সম্পন্ন মাদার ক্রুড অয়েল ট্যাংকার ক্রয়। |
| ২. | ২টি নতুন প্রতিটি কমপক্ষে ৮০,০০০ ডিডব্লিউটি সম্পন্ন (ডিজেল পরিবহন উপযোগী) মাদার প্রোডাক্ট অয়েল ট্যাংকার ক্রয়। |
| ৩. | ২টি নতুন প্রতিটি কমপক্ষে ৮০,০০০ ডিডব্লিউটি সম্পন্ন (কয়লা পরিবহন উপযোগী) মাদার বাল্ক ক্যারিয়ার ক্রয়। |
| ৪. | ১০টি নতুন প্রতিটি ১০,০০০-১৫,০০০ ডিডব্লিউটি সম্পন্ন বাল্ক ক্যারিয়ার ক্রয়। |
| ৫. | ৪টি নতুন প্রতিটি ১,২০০-১,৫০০ টিউজ সম্পন্ন সেলুলার কন্টেইনার জাহাজ ক্রয়। |
| ৬. | ২টি নতুন প্রতিটি প্রায় ১৪০,০০০ সিবিএম ধারণ ক্ষমতা সম্পন্ন LNG ক্যারিয়ার ক্রয় । |
| ৭. | ২টি নতুন প্রতিটি প্রায় ১৭৪,০০০ সিবিএম ধারণ ক্ষমতা সম্পন্ন LNG ক্যারিয়ার ক্রয় । |
| ৮. | ২টি নতুন প্রতিটি প্রায় ১৮০,০০০ সিবিএম ধারণ ক্ষমতা সম্পন্ন LNG ক্যারিয়ার ক্রয় । |





## ভিশনঃ

জাতীয় পতাকাবাহী সংস্থা হিসেবে এ অঞ্চলে মূখ্য শিপিং কোম্পানিতে উন্নীত হওয়া এবং
এ দেশের অর্থনৈতিক উন্নয়নে সহায়তা প্রদান।

## মিশনঃ

আন্তর্জাতিক নৌপথে নিরাপদ ও দক্ষ শিপিং সেবা প্রদান করাসহ এর সাথে সংশ্লিষ্ট ও সহযোগী সকল প্রকার কার্য সম্পাদন করার মাধ্যমে জাতীয় উন্নয়নে অবদান রাখা।


জাতির পিতা বঙ্গবন্ধু

**শেখ মুজিবুর রহমানের** সময়

# অর্জিত জাহাজসমূহের নাম

| ক্রমিক নং | জাহাজের নাম | সংগ্রহের সাল |
|---|---|---|
| ০১। | এমভি বাংলার দূত | ১০-০৬-১৯৭২ |
| ০২। | এমভি ঢাকা | ১০-০৭-১৯৭২ |
| ০৩। | এমভি চট্টগ্রাম | ১৫-০৭-১৯৭২ |
| ০৪। | এমভি খুলনা | ১৭-০৭-১৯৭২ |
| ০৫। | এমভি সিলেট | ১৭-০৭-১৯৭২ |
| ০৬। | এমভি ফরিদপুর | ০৬-০৪-১৯৭৩ |
| ০৭। | এমভি বাংলার সম্পদ | ১১-০৭-১৯৭৩ |
| ০৮। | এমভি বাংলার আশা | ১৭-০৮-১৯৭৩ |
| ০৯। | এমভি বাংলার তরণী | ০৭-০৯-১৯৭৩ |
| ১০। | এমভি বাংলার উপহার | ২৮-০৯-১৯৭৩ |
| ১১। | এমভি বাংলার স্বপ্ন | ০৪-০১-১৯৭৪ |
| ১২। | এমভি বাংলার প্রগতি | ২৩-০১-১৯৭৪ |
| ১৩। | এমভি বাংলার মৈত্রী | ০৩-০৫-১৯৭৪ |
| ১৪। | এমভি বাংলার মুক্তি | ২৯-১১-১৯৭৪ |

## জাতির পিতা **বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান** কর্তৃক প্রতিষ্ঠিত বাংলাদেশ শিপিং কর্পোরেশন এর মিশন, ভিশন এবং তাঁর সময়ে অর্জিত জাহাজসমূহের নাম





জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রচেষ্টায় স্বাধীনতাত্তোর বাংলাদেশ (১০-০৬-১৯৭২ সাল) বিএসসি'র বহরে সংযোজিত জাতীয় পতাকাবাহী প্রথম জাহাজ **"বাংলার দূত"**।

# বাংলাদেশ শিপিং কর্পোরেশন

আপনার পণ্য ও শুভেচ্ছা দুই-ই বহন করে

**BANGLADESH SHIPPING CORPORATION**

Carries your Goods & Goodwill